

## 📖 সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৫৮৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৯৪৩]

৫২/ তাফসীর (كتاب تفسير)

পরিচ্ছেদঃ আল্লাহর বাণীঃ والنَّهَارُ إِذَا تَجَلَّى "কসম শপথ দিবসের, যখন তা আবির্ভূত হয়" (৯২ঃ ২)

### باب والنَّهَارُ إِذَا تَجَلَّى

আরবী

حَدَّثَنَا قَبِيصَةُ بْنُ عُقْبَةَ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الْأَعْمَشِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، قَالَ دَخَلْتُ فِي نَفَرٍ مِنْ أَصْحَابِ عَبْدِ اللَّهِ الشَّامِ فَسَمِعَ بِنَا أَبُو الدَّرْدَاءِ فَاتَانَا فَقَالَ أَفِيكُمْ مَنْ يَقْرَأُ فَقُلْنَا نَعَمْ. قَالَ فَأَيُّكُمْ أَقْرَأُ فَأَشَارُوا إِلَيَّ فَقَالَ اقْرَأْ. فَقَرَأْتُ (وَاللَّيْلِ إِذَا يَغْشَى \* وَالنَّهَارِ إِذَا تَجَلَّى \* وَالذِّكْرِ وَالْأُنْثَى). قَالَ أَنْتَ سَمِعْتَهَا مِنْ فِي صَاحِبِكَ قُلْتُ نَعَمْ. قَالَ وَأَنَا سَمِعْتُهَا مِنْ فِي النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهَؤُلَاءِ يَأْبُونَ عَلَيْنَا.

বাংলা

সূরা লায়ল

وَقَالَ ابْنُ عَبَّاسٍ وَكَذَّبَ بِالْحُسْنَى بِالْخَلْفِ قَالَ مُجَاهِدٌ تَرَدَّى مَاتَ وَتَلَطَّى تَوَهَّجَ وَقَرَأَ عُبَيْدُ بْنُ عُمَيْرٍ تَتَلَطَّى

ইবনু আব্বাস (রাঃ) বলেন, وَكَذَّبَ بِالْحُسْنَى অর্থ প্রতিদানে অস্বীকার করল। মুজাহিদ (রহঃ) বলেন, تَرَدَّى যখন যে মরে যাবে। تَلَطَّى মানে লেলিহান অগ্নি। 'উবায়দ ইবনু উমায়র (রাঃ) শব্দটিকে تَتَلَطَّى পড়তেন।

৪৫৮৩। কাবীসা ইবনু উকবা (রহঃ) ... আলকামা (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আবদুল্লাহ (রাঃ) এর একদল সাথীর সাথে সিরিয়া গেলাম। আবু দারদা আমাদের কাছে এসে বললেন, কুর'আন পাঠ করতে পারেন এমন কেউ আছেন কি? আমরা বললাম, হ্যাঁ আছে। এরপর তিনি বললেন, তাহলে আপনাদের মাঝে উত্তম তিলাওয়াতকারী কে? লোকেরা ইশারা করে আমাদের দেখিয়ে দিলে তিনি আমাদের বললেন, পড়ুন। আমি পড়লাম, তিলাওয়াত শুনে তিনি আমাদের জিজ্ঞেস করলেন, আপনি কি এই সূরা আপনার ওস্তাদ আবদুল্লাহ ইবনু মাসউদের মুখে শুনেছেন? আমি বললাম, হ্যাঁ। তখন তিনি বললেন, আমি এই সূরাটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মুখে শুনেছি। কিন্তু তারা (সিরিয়াবাসী) তা অস্বীকার

করছে।

## English

Narrated Alqama:

I went to Sham with a group of the companions of `Abdullah (bin Mas`ud). Abu Ad-Darda' heard of our arrival so he came to us and said, "Is there anybody among you who can recite (Qur'an)" We replied in the affirmative. Then he asked, "Who is the best reciter?" They pointed at me. Then he told me to recite, so I recited the verse:-- 'By the night as it envelops 'By the day as it appears in brightness; By (Him Who created) male and the female.' (92.1-3) Abu Ad-Darda' then said to me, "Did you hear it (like this) from the mouth of your friend (`Abdullah bin Mas`ud)?" I said, "Yes." He said, "I too, heard it (like this) from the mouth of the Prophet, but these people do not consider this recitation as the correct one."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আলকামাহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=4885>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন